



# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২

## নিয়োগ বিজ্ঞপ্তি



সূত্রঃ মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/এ-১২(পার্ট-০১)/এ-৪১/এ-৭৮/২৩৯৫

তারিখঃ ২৪ অগ্রহায়ণ ১৪২৭  
০৯ ডিসেম্বর ২০২০

বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ নিম্নোল্লিখিত পদগুলো পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্র. নং	বিষয়/বিভাগের নাম	পদের নাম ও সংখ্যা
০১	ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ	সহকারী অধ্যাপক ০৩টি (০২ টি স্থায়ী, ০১ টি অস্থায়ী) এবং প্রভাষক ০১টি (স্থায়ী)
০২	রসায়ন বিভাগ	সহকারী অধ্যাপক (জৈব রসায়ন) ০১টি (স্থায়ী)

### বেতন স্কেল:

সহকারী অধ্যাপক- ৩৫০০০-৬৭০১০/-

প্রভাষক - টাকা ২২০০০-৫৩০৬০/-

### প্রয়োজনীয় যোগ্যতা ও শর্তাবলীঃ

#### সহকারী অধ্যাপকঃ

- ক) প্রার্থীর এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার উভয়টিতে প্রথম বিভাগ/জিপিএ-৫.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং জিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে।
- খ) প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। উভয় ক্ষেত্রেই প্রার্থীর প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।

#### অভিজ্ঞতা ও প্রকাশনা :

- \* পিএইচ.ডি. ডিগ্রি থাকলে প্রার্থী সরাসরি সহকারী অধ্যাপক পদে আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।
- \* এম.ফিল. ডিগ্রিধারী হলে পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে ০২ (দুই) বছরের সক্রিয় অভিজ্ঞতা থাকতে হবে।
- \* পিএইচ.ডি. অথবা এম.ফিল. ডিগ্রি না থাকলে পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে ০৩ (তিন) বছরের সক্রিয় অভিজ্ঞতা থাকতে হবে।
- \* দেশী/বিদেশী স্বীকৃত জার্নালে ০১ (এক)টি প্রকাশনা/স্বীকৃত মানের গ্রন্থ থাকতে হবে।
- \* শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী/সিজিপিএ-৩.২৫ বা এর নিচে গ্রহণযোগ্য নয়।

#### প্রভাষক :

- ক) প্রার্থীর এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার উভয়টিতে প্রথম বিভাগ/জিপিএ-৫.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং জিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে (চতুর্থ বিষয়সহ)।
- খ) প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। উভয় ক্ষেত্রেই প্রার্থীর প্রথম শ্রেণী/ সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।
- \* পিএইচ.ডি. ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে যে কোন একটি শর্ত শিথিলযোগ্য। তবে শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ৫.০০ স্কেলে সিজিপিএ ৩.৫০/সিজিপিএ ৪.০০ স্কেলে সিজিপিএ ৩.২৫ বা এর নিচে গ্রহণযোগ্য নয়।

#### আবেদনের শর্তাবলীঃ

- \* উপরোক্ত পদসমূহের নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ এবং আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা [www.mbstu.ac.bd](http://www.mbstu.ac.bd) ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানাসম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।
- \* অবশ্যই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- \* “ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২” এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা, সন্তোষ, টাঙ্গাইল এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ সোনালী ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে ৮০০/- (আটশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরত যোগ্য), প্রার্থীর সাংপ্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, মার্কসীট/ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট, গবেষণামূলক প্রকাশনার কপি, অভিজ্ঞতার প্রমাণপত্র, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি প্রত্যেক সেটের সাথে সংযুক্ত করতে হবে।
- \* বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।
- \* সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- \* আগামী ১৩/০১/২০২১ তারিখের মধ্যে ১০ (দশ) সেট আবেদন রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২ বরাবর অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- \* বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রী এবং সিজিপিএ এর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সমতা বিধানের Certificate আবেদনের সাথে জমা দিতে হবে।
- \* আবেদনে স্থায়ী ও যোগাযোগের ঠিকানা এবং মোবাইল নম্বর স্পষ্টভাবে লিখতে হবে। মোবাইল নম্বরে সাক্ষাতকারের বিষয়টি এসএমএস এর মাধ্যমে জানানো হবে।
- \* অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- \* কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- \* এ নিয়োগ বিজ্ঞপ্তি জারীর কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে বাধ্য নন।
- \* নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা ভদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

ড. মোহাম্মদ হোসাইন ইসলাম

রেজিস্ট্রার, মাভাবিপ্রবি।

ফোন : ০৯২১-৬২৪০১